অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইন শুরু করার পর ফোর্থ অফ জুলাইয়ের ছুটিতে নিউ ইয়র্কের স্টেট পার্কসমূহে 2.8 মিলিয়নের বেশি দর্শনার্থী উদযাপন করলেন

গভর্নর হোকল এই গ্রীষ্মকালে স্টেট পার্কের পুলের অ্যাক্সেস বিনামূল্যে হওয়ার ঘোষণা করার পর, 4 জুলাইয়ের সপ্তাহান্তে পুলে উপস্থিতি 65 শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে

সার্বিক স্টেট পার্কে উপস্থিতি 30 শতাংশ বৃদ্ধি পেয়ে 2.8 মিলিয়ন দর্শনার্থী হয়েছে

4 জুলাই থেকে 7 জুলাই পর্যন্ত নিউ ইয়র্কজুড়ে স্টেট পার্কের পুলসমূহে 83,741 মানুষ গিয়েছে, যা 2023 সালের তুলনায় 33,219 জন বেশি

শিশু ও পরিবারকে "অফলাইনে যাও, বাইরে যাও" এর ক্ষেত্রে সাহায্য করতে গভর্নরের গ্রীষ্মকালীন ক্যাম্পেইনের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে তার "অফলাইনে যাও, বাইরে যাও (Get Offline, Get Outside)" ক্যাম্পেইনের অংশ হিসেবে পুরো গ্রীষ্মকালে স্টেট পার্কে পুলে বিনামূল্যে অ্যাক্সেস প্রদান করার পর 4 জুলাই থেকে 7 জুলাই পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট পার্কার পুলের উপস্থিতি 65 শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে। ছুটির সপ্তাহান্তে সার্বিক স্টেট পার্ক উপস্থিতিও 30 শতাংশ বৃদ্ধি পেয়েছে, 2023 সালের 2.2 মিলিয়ন দর্শনার্থী থেকে বৃদ্ধি পেয়ে এই বছর 2.8 মিলিয়ন দর্শনার্থী হয়েছে। গভর্নর ক্যাথি হোকল গ্রীষ্মকালীন ক্যাম্পেইন "অফলাইনে যাও, বাইরে যাও" শুরু করেছেন যা নিউ ইয়র্কের শিশু ও পরিবারকে তাদের ফোন ও কম্পিউটার রেখে দিতে, সোশ্যাল মিডিয়া থেকে একটি বিরতি নিতে, এবং বিনোদন ও ঘরের বাইরের সামাজিক জমায়েতে উপভোগ করতে সাহায্য করার মাধ্যমে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রসার করবে। এটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে পুল সমর্থন করার জন্য গভর্নরের ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক আরো সাঁতারের জন্য স্টেটব্যাপী বিনিয়োগের (New York Statewide Investment in More Swimming, NY SWIMS) অনুবর্তী, যা নিউ ডিলের (New Deal) পর সাঁতারে নিউ ইয়র্কের বৃহত্তম বিনিয়োগ।

"এই ফোর্থ অফ জুলাই সপ্তাহান্তে, নিউ ইয়র্কের শিশু ও পরিবারসমূহ তাদের ফোন রেখে দিয়েছে, ঘরের বাইরে গিয়েছে, এবং আমাদের সুন্দর স্টেট পার্কসমূহে পুলের বিনামূল্যের অ্যাক্সেসের সদ্ব্যবহার করেছে," **গভর্নর হোকল বলেন।** "বিগত এই ছুটির সময় বহু মিলিয়ন

মানুষ যে ঘরের বাইরে সময় কাটিয়েছে তা একটি দারুণ সংবাদ, এবং এই গ্রীষ্মকালে সক্রিয় থাকা এবং গরমকে পরাস্ত করা অব্যাহত রাখার জন্য আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

4 জুলাই থেকে 7 জুলাই পর্যন্ত, 2.8 মিলিয়ন নিউ ইয়র্কবাসী গভর্নরের পরামর্শ গ্রহণ করেছে এবং ঘরের বাইরে কোনো নিউ ইয়র্ক স্টেট পার্কে গিয়ে ছুটি উদযাপন করেছে। স্টেট পার্কের পুলসমূহে 83,741 মানুষ গিয়েছে, যা 2023 সালের তুলনায় 33,219 জন বেশি। 2 জুলাই গভর্নর হোকল ঘোষণা করেন যে এই গ্রীষ্মকালের অবশিষ্ট দিনের জন্য পুরো নিউ ইয়র্কের স্টেট পার্কসমূহে অবস্থিত সুইমিং পুলসমূহের পুল এন্ট্রি ফি স্টেট মওকুফ করছে। তবে অনসাইট পার্কিংসহ স্টেট পার্কস অবস্থানসমূহে স্বাভাবিক পার্কিং ফি প্রযোজ্য হবে। এছাড়াও পরিবারসমূহকে সূর্যের তাপে নিরাপদ থাকতে এবং ঘরের বাইরে উপভোগ করতে সাহায্য করার জন্য স্টেট পার্কের পুলে বিনামূল্যে সানস্ক্রিন প্রদান করার একটি পাইলট কর্মসূচিও গভর্নর হোকল শুরু করেছেন।

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার প্রো টেম্পোর র‍্যান্ডি সিমোন্স বলেন, "নিউ ইয়র্ক স্টেটের স্বাধীনতা দিবস সপ্তাহান্তে সাঁতার কাটা, ক্যাম্পিং, গলফ খেলা, হাইক করা এবং দৃশ্য দেখার জন্য আমাদের পার্ক এবং ঐতিহাসিক সাইটগুলিতে বহু মানুষ ভিড় করেছে। পুরো সত্যি এমন উচ্চমানের স্টেট পার্ক ও ঐতিহাসিক সাইট পেয়ে নিউ ইয়র্ক সৌভাগ্যবান, এবং স্টেটের দারুণ সব আউটডোর গন্তব্যের অভিজ্ঞতা গ্রহণ করার জন্য গভর্নর হোকল যে পরিবারসমূহকে 'অফলাইনে যাও, বাইরে যাও' এর জন্য উৎসাহিত করছেন তার জন্য আমি অতি আনন্দিত।"

গভর্নর হোকলের "অফলাইনে যাও, বাইরে যাও" ক্যাম্পেইনটি পুরো নিউ ইয়র্কজুড়ে কমবয়সী মানুষ ও পরিবারের মধ্যে স্বাস্থ্যকর জীবনযাপন প্রচার করতে তার প্রয়াসের অনুবর্তী। শিশুদের আসক্তি উদ্রেককারী সোশ্যাল মিডিয়া ফিড থেকে সুরক্ষিত রাখতে এবং অনলাইন প্ল্যাটফর্ম থেকে তাদের ডেটা নিরাপদ রাখতে গভর্নর হোকল সম্প্রতি দেশসেরা বিধিমালা শিশুদের জন্য আসক্তি উদ্রেককারী ফিড শোষণ বন্ধ করার (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন এবং নিউ ইয়র্ক চাইল্ড ডেটা সুরক্ষা আইন (New York Child Data Protection Act) স্বাক্ষর করেছেন।

স্টেটব্যাপী মানসিক স্বাস্থ্যের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ হিসেবে গভর্নর হোকল কমবয়সী মানুষ ও তাদের পরিবারের জন্য মানসিক স্বাস্থ্য সেবা ও সংস্থান উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করেছেন, যার মধ্যে রয়েছে স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক এবং ইয়ুথ অ্যাসার্টিভ কমিউনিটি চিকিৎসা (Youth Assertive Community Treatment) দল। অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে কমবয়সীদের জন্য সমর্থন ও সেবার জন্য যে অতিরিক্ত তহবিল রয়েছে তার উপর ভিত্তি করে গভর্নরের এই বিনিয়োগ সম্ভব হয়েছে।

গভর্নর হোকল কমবয়সী মানুষকে অস্বাস্থ্যকর অভ্যাস এড়াতে এবং তাদের মানসিক স্বাস্থ্য সমর্থনে সাহায্য করছেন, এছাড়াও তিনি শিশুদের জন্য শারীরিকভাবে সক্রিয় থাকা এবং ঘরের বাইরে বন্ধু ও পরিবারের সাথে সময় কাটানো সহজতর করছেন। আজকের ঘোষণাটি পুল এবং

সাঁতার শিখতে যাওয়ার জন্য পরিবহন অ্যাক্সেসকে সম্প্রসারিত করবে যা পুরো স্টেটের আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য "অফলাইনে যাও, বাইরে যাও" সম্ভব করতে সাহায্য করবে।

এই গ্রীষ্মকালে এন্ট্রি ফি প্রদান না করে নিউ ইয়র্কবাসীরা এখন নিম্নলিখিত পুলে যেতে পারবে:

- **হাডসন ভ্যালি**
    - **বিয়ার মাউন্টেন স্টেট পার্ক পুল** - বিয়ার মাউন্টেন
        - **FDR স্টেট পার্ক পুল** - ইয়র্কটাউন
            - **হাই টর স্টেট পার্ক পুল** - নিউ সিটি
                - **রকল্যান্ড লেক স্টেট পার্ক পুল** - ভ্যালি কটেজ

- **নিউ ইয়র্ক সিটি**
    - **রবার্টো ক্লেমেন্ট স্টেট পার্ক পুল** - ব্রঙ্কস
        - **রিভারব্যাংক স্টেট পার্ক পুল (ইনডোর এবং আউটডোর)** - ম্যানহাটন

- **লং আইল্যান্ড**
    - **জোন্স বীচ স্টেট পার্ক ওয়েস্ট বাথহাউজ পুল** - ওয়ানটা
        - **মন্টাক ডাউনস স্টেট পার্ক পুল** - মন্টাক

- **রাজধানী অঞ্চল**
    - **সারাটোগা স্পা স্টেট পার্ক পুল (পিয়ারলেস এবং ভিকটোরিয়া)** - সারাটোগা স্প্রিংস

- **মোহক ভ্যালি**
    - **মাইন কিল স্টেট পার্ক পুল** - নর্থ ব্লেনহাইম

- **সাউদার্ন টিয়ার**
    - **ওয়াটকিন্স গ্লেন স্টেট পার্ক পুল** - ওয়াটকিন্স গ্লেন

- **ফিঙ্গার লেকস**
    - **লেচওয়ার্থ স্টেট পার্ক পুল** - ক্যাস্টাইল

- **ওয়েস্টার্ন নিউ ইয়র্ক**

- **ফোর্ট নায়াগ্রা স্টেট পার্ক পুল** - ইয়ংসটাউন

- **নর্থ কান্ট্রি**
  - **কিওয়াডিন স্টেট পার্ক পুল** - অ্যালেকজান্ড্রিয়া বে

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন